

## বিষয় – সংস্কৃত পাঠ্য বিষয় - বনগতা গুহা

### বনগতাগুহা গদ্যাংশের নির্বাচিত প্রশ্ন ও প্রশ্নগুলির উত্তর:-

- 1) প্রশ্ন: " বনগতাগুহা" র উৎস কী?  
উত্তর: শ্রীগোবিন্দকৃষ্ণমোদক বিরচিত "চোর-চত্বরিশী কথা" গ্রন্থের প্রথম ভাগ হতে "বনগতাগুহা" নেওয়া হয়েছে।
  - 2) প্রশ্ন: কশ্যপ কীভাবে জীবনযাপন করত?  
উত্তর: প্রচুর অর্থের প্রভাবে কশ্যপ নানা বিলাসব্যসনে জীবনযাপন করত।
  - 3) প্রশ্ন: ধুলারার্শি কেন উপরে উঠছিল?  
উত্তর: সবেগে ধাবিত ঘোড়াদের ক্ষুরে ধুলারার্শি আকাশে উঠছিল।
  - 4) প্রশ্ন: অলিপর্বা কেন আত্মগোপন করল?  
উত্তর: অলিপর্বা দস্যুদের ভয়ে আত্মগোপন করেছিল।
  - 5) প্রশ্ন: গুহার দ্বার খোলার মন্ত্রের শেষ অংশটি কী?  
উত্তর: গুহার দ্বার খোলার মন্ত্রের শেষ অংশটি হল— "বিবৃতং কৃপয়া কুরু।"
  - 6) প্রশ্ন: অলিপর্বা মে আস্তিক তার বোঝার উপায় কী?  
উত্তর: "ততঃ পরং দৈবস্যায়ত্তম্"----- এই কথার দ্বারা বোঝা যায় অলিপর্বা আস্তিক (ধর্ম বিশ্বাসী) ছিল।
  - 7) প্রশ্ন: অলিপর্বা ধনরত্ন ভর্তি বস্তাগুলি কি করল?  
উত্তর: অলিপর্বা ধনরত্ন ভর্তি বস্তাগুলি গাধার পিঠে চাপিয়ে কাঠের দ্বারা ঢেকে দিল।
  - 8) প্রশ্ন: 'ধান্যসূতাঃ' পদের অর্থ কী?  
উত্তর: "ধান্যসূতা" পদের অর্থ হল — 'ধান ভর্তি বস্তাগুলি'।
-